# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

বিডিপি/১৫/মসজিদ/এ

২৯ জুন ২০২৬

**বিষয় : জানাজা ব্যবস্থাপনা ও মরহুমের জীবনবৃত্তান্ত উপস্থাপন সংক্রান্ত নির্দেশনা**

বিসমিল্লাহির রাহমানীর রাহীম,

সম্মানিত বনানী ডিওএইচএসবাসী,

আসসালামু আলাইকুম।

১। গত ২২ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত বনানী ডিওএইচএস জামে মসজিদ সাব-কমিটির প্রথম সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বনানী ডিওএইচএস জামে মসজিদ কর্তৃপক্ষ অদ্য হতে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। বনানী ডিওএইচএসের কোনো বাসিন্দা (মুসলিম) অত্র এলাকায় অথবা অন্য কোথাও ইন্তেকাল করলেও যদি তাঁর জানাজা নামাজ বনানী ডিওএইচএস জামে মসজিদে অনুষ্ঠিত হয়, তাহলে জানাজা নামাজের পূর্বে মরহুম/মরহুমার সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, উপস্থিত মুসল্লিদের নিকট উপস্থাপন করা হবে, যাতে সবাই তাঁর জীবন, কর্ম ও অবদান সম্পর্কে অবগত হতে পারেন এবং তাঁর জন্য দোয়া করতে পারেন। (তবে বিষয়টি মৃতের পরিবারের অনুমতি সাপেক্ষে)।

২। এ লক্ষ্যে মৃত ব্যক্তির পরিবারের সদস্যদের নিকট অনুরোধ করা যাচ্ছে যে, নিম্নোক্ত তথ্যসমূহ লিখিতভাবে বনানী ডিওএইচএস জামে মসজিদ কর্তৃপক্ষকে সরবরাহ করবেন-

- ক। মৃত ব্যক্তির পূর্ণ নাম।
- খ। পিতা ও মাতার নাম।
- গ। জন্ম সাল ও জন্মস্থান।
- ঘ। শিক্ষাগত যোগ্যতা।
- ঙ। কর্মজীবন ও গুরুত্বপূর্ণ দায়িত্বসমূহ। চ। সামাজিক, ধর্মীয়, মানবিক ও অন্যান্য উল্লেখযোগ্য অবদান।
- ছ। বৈবাহিক অবস্থা এবং স্ত্রী/স্বামী জীবিত আছেন কি না। জ। সন্তান-সন্ততি ও নিকটাত্মীয়দের সংখ্যা।
- ঝ। বর্তমান ও স্থায়ী ঠিকানা। ঞ। অন্যান্য উল্লেখযোগ্য তথ্য যা তাঁর জীবন ও কর্মকে তুলে ধরতে সহায়ক হবে।

**আরও কিছু গুরুত্বপূর্ণ নির্দেশনা**

৩। **মৃত্যুসংবাদ প্রদান:**

বনানী ডিওএইচএসের কোনো বাসিন্দা ইন্তেকাল করলে পরিবারের সদস্য বা নিকটাত্মীয়গণ অনতিবিলম্বে বনানী ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন, ইমাম অথবা মসজিদ সুপারভাইজারকে অবহিত করবেন। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বনানী ডিওএইচএস জামে মসজিদের মাইকের মাধ্যমে এলাকাবাসীকে মৃত্যুসংবাদ এবং জানাজার সময়সূচি জানিয়ে দেওয়া হবে।

৪। **গোসলের ব্যবস্থা:**

মৃত ব্যক্তির গোসলের ব্যবস্থা বনানী ডিওএইচএস জামে মসজিদের খাদেমগণ সম্পন্ন করবেন। মহিলা মৃতদেহের ক্ষেত্রে প্রয়োজন অনুসারে পার্শ্ববর্তী মসজিদসমূহ হতে অভিজ্ঞ খাদিমা আনা হবে এবং বনানী ডিওএইচএস জামে মসজিদের পক্ষ থেকেও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে।

৫। **কাফনের কাপড় সরবরাহ:**

মৃত ব্যক্তির পরিবার ইচ্ছা প্রকাশ করলে বনানী ডিওএইচএস জামে মসজিদ কর্তৃপক্ষ কাফনের কাপড় সরবরাহের ব্যবস্থা করবে, ইনশাআল্লাহ।

৬। মহান আল্লাহ তাআলা সকল মৃত মুসলিম নর-নারীকে ক্ষমা করুন এবং জান্নাতুল ফেরদাউস নসীব করুন। আমীন।

গ্রুপ ক্যাপ্টেন জহিরুল ইসলাম চৌধুরী (অব.)
সদস্য-সচিব
মসজিদ সাব-কমিটি
বনানী ডিওএইচএস জামে মসজিদ

কার্যক্রম:
বনানী ডিওএইচএসের সম্মানিত বাসিন্দাগণ

**Telephone**: +88 02 8714697
**E-mail** : infodohsbanani@gmail.com
**Web** : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner